



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল



ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির বিষয়ক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ বেলাল হোসেন শেখ পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ এবং ইনোভেশন অফিসার)
সভার তারিখ	২৩/১১/২০২১ খ্রি.
সভার সময়	বেলা ১১.০০ টায়
স্থান	মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' অনুযায়ী।

সভাপতি ইনোভেশন টিম এর সদস্যদের স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতির মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়ভিত্তিক উপস্থাপন করেন। সভায় ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। এসময় সভাপতি মহোদয় সকল কর্মকর্তাগণকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা চর্চায় গুরুত্ব দেওয়ার আহবান জানান। সভায় ২০২১-২০২২ অর্থ বছরে শ্রম অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহ থেকে প্রাপ্ত ৩২ টি ই-গভর্ন্যান্স, সেবা সহজীকরণ ও উদ্ভাবন ধারণা যাচাই বাছাই শেষে ০৩টি ধারণা (উদ্ভাবনী, ডিজিটাইজসেবা ও সেবা সহজীকরণ) চিহ্নিত করা হয়।

সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী শ্রম অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম পরিচালনা করা ও সেমতে তথ্যবাতায়নের ইনোভেশন কর্নার ও সকল সেবা বন্ধ হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশনটিম
২	উদ্ভাবনী, সেবা সহজীকরণ ও ডিজিটাল সেবা	(২০২১-২০২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স, সেবা সহজীকরণ ও উদ্ভাবন ধারণা সমূহ থেকে নিম্নোক্ত ০৩টি ধারণা বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।) ১. উদ্ভাবনী আইডিয়াঃ শ্রমিক প্রশিক্ষণ কোর্স সমূহের ই-সার্টিফিকেট প্রবর্তন। আইডিয়া প্রদানকারীঃ ডাঃ ফেরদৌস আক্তার, সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, টংগী, গাজীপুর। ২. ডিজিটাল সেবাঃ অনলাইনে ট্রেড ইউনিয়নের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষা প্রতিবেদন গ্রহণ ও প্রত্যয়ন প্রদান। আইডিয়া প্রদানকারীঃ জনাব মোঃ শফিকুর রহমান, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম। ৩. সেবা সহজীকরণঃ গ্রন্থাগারে রিপ্ৰোগ্রাফী সেবা প্রদান। আইডিয়া প্রদানকারীঃ জনাব চন্দনা রানী, লাইব্রেরিয়ান, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহী।	ইনোভেশনটিম /আইডিয়াপ্রদানকারী /সংশ্লিষ্টদপ্তর কর্ম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।
৩	উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ/কর্মশালা	শ্রম অধিদপ্তরের ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী দেশের অভ্যন্তরে ৩০ জন প্রশিক্ষণার্থী নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশনটিম/হিসাব শাখা

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ বেলাল হোসেন শেখ
পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ এবং
ইনোভেশন অফিসার)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৪৩.৬৬.০০৭.১৯.৫৩

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর
- ২) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম
- ৩) উপ-পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, তেরখাদা, রাজশাহী।
- ৪) উপ পরিচালক, উপ-পরিচালক (শ্রম কল্যাণ ও বিনোদন), শ্রম অধিদপ্তর
- ৫) সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, টংগী, গাজীপুর
- ৬) সহকারী পরিচালক, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম
- ৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর
- ৮) লাইব্রেরীয়ান (রুটিন দায়িত্ব), উপ-পরিচালকের দপ্তর, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, তেরখাদা, রাজশাহী।
- ৯) স্টাটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০) স্টাট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১) অফিস কপি।

মোঃ সোহেল আজিম
সহকারী পরিচালক